



## রামবাবু

□ শুভদীপ ব্যনার্জি  
নবম শ্রেণি, খ-শাখা

দোকান ছিল রামবাবুর,  
পেটটি ছিল মোটা।  
মাথায় তার বিশাল টাক,  
খেত ইলিশ গোটা।  
একদিন হঠাৎ বাবুর,  
উঠল পেটে ব্যাথা।  
হইচই করে তুলল ঝড়,  
কেউ বলে না কথা।  
রেগে বলে রামবাবু,  
সব দাঁড়িয়ে কেন ?  
ব্যথায় আমি অস্থির যে  
হাতপা অবশ যেন।  
এ রোগ আবার কেমন,  
শুনে অবাক সবে।  
মাথার ব্যথা পায়ে কেন,  
অদ্ভুত রোগ ভবে।  
ডাক্তার বাবু এসে বলে,  
এ তো মনের রোগ।  
দোকানের হিসেব ভুল  
তাই এমন শোক।  
হঠাৎ এসে বলল কানু  
হিসেব ঠিক ছিল।  
রামবাবু লাফিয়ে উঠে  
হেসে জবাব দিল।

## দিবাকর

□ পার্থ দে  
দশম শ্রেণি, খ-শাখা রোল নং - ২

সে দিন প্রাতে, মোদের বারান্দাতে  
বসেছিলাম মুখ ভার করে।  
জানি না কোথা থেকে হঠাৎ উদিত হয়ে  
খুশিতে দিল মোর মন ভরে।  
বললাম তারে কে গো তুমি ?  
গর্বের সঙ্গে বলে সে 'দিবাকর আমি'।  
চতুর্দিক আমার আলোয় আলো,  
সেই আলোতে ধরাকে -  
লাগে কত যে ভালো।  
পৃথিবী চলে আমাকে কেন্দ্র করে।  
গ্রহ উপগ্রহ বেঁচে আছে  
আমারই বলে।  
রাজার রাজা আমি,  
আমার নেইকো শেষ,  
আমার অন্তিম পরিণামে হবে  
পৃথিবীর সব শেষ।